

## 🔳 আন-নাহাল | An-Nahl | النَّحْل

আয়াতঃ ১৬:১১৮

## **া** আরবি মূল আয়াত:

وَ عَلَى الَّذِينَ هَادُوا حَرَّمنَا مَا قَصَصنَا عَلَيكَ مِن قَبلُ وَ مَا ظَلَمنْهُم وَ لَكِن كَانُوا اَنفُسَهُم يَظلِمُونَ ﴿١١٨﴾

## 

আর যারা ইহূদী হয়েছে, তাদের উপরও আমি তাই হারাম করেছি, যা আমি তোমার কাছে ইতঃপূর্বে বর্ণনা করেছি এবং আমি তাদের উপর যুলম করিনি; বরং তারাই তাদের নিজদের উপর যুলম করত। — আল-বায়ান আর যারা ইয়াহূদী হয়েছিল আমি তাদের প্রতি হারাম করেছিলাম যা আমি তোমার কাছে পূর্বেই উল্লেখ করেছি। আমি তাদের উপর কোন যুলম করিনি, কিন্তু তারা নিজেরাই নিজেদের প্রতি যুলম করত। — তাইসিরুল ইয়াহুদীদের জন্য আমি শুধু তা'ই নির্ধারণ করেছিলাম যা তোমার নিকট আমি পূর্বে উল্লেখ করেছি এবং আমি তাদের উপর কোন যুলম করিনি, কিন্তু তারাই যুলম করত তাদের নিজেদের প্রতি। — মুজিবুর রহমান

And to those who are Jews We have prohibited that which We related to you before. And We did not wrong them [thereby], but they were wronging themselves. — Sahih International

১১৮. আর যারা ইয়াহুদী হয়েছে আমরা তো শুধু তা-ই হারাম করেছি (তাদের উপর) যা আপনার কাছে আমরা আগে উল্লেখ করেছি।(১) আর আমরা তাদের উপর কোন যুলুম করিনি, কিন্তু তারাই যুলুম করত নিজেদের প্রতি।

(১) তাদের উপর যা হারাম করা হয়েছে তা সূরা আল-আন'আমে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এসবকিছুই তাদের যুলুমের কারণে। [দেখুনঃ সূরা আল-আনআমঃ ১৪৬, সূরা আন-নিসাঃ ১৬০] আল্লাহ তাদের উপর কোন যুলুম করেননি।

তাফসীরে জাকারিয়া

- (১১৮) ইয়াহুদীদের জন্য আমি তো শুধু তাই নিষিদ্ধ করেছিলাম, যা তোমার নিকট আমি পূর্বে উল্লেখ করেছি[1] এবং আমি তাদের উপর কোন যুলুম করিনি; বরং তারাই নিজেদের প্রতি যুলুম করত।
  - [1] সূরা আনআম ১৪৬নং আয়াতের টীকা দেখুন। সুরা নিসার ১৬০নং আয়াতের টীকায়ও এর বর্ণনা রয়েছে।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2019

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন